পদ্মা সেতুতে সুবিধা পাবে মেহেরপুরের সব্জি ও কৃষি পণ্য

পদ্মা সেতু খুলে দেওয়াকে ঘিরে উচ্ছ্বসিত মেহেরপুরের কৃষক ও কৃষির সাথে জড়িত ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। সেতু চালু হওয়ার পর এ জেলার কৃষিক্ষেত্রে আনবে কৃষি বিপ্লব। জেলার কৃষক ও কৃষি পণ্য ব্যবসায়ীদের জন্য নতুন দিগন্ত উন্মেচিত হবে।

কৃষি সমৃদ্ধ জেলা মেহেরপুর থেকে সহজেই ঢাকা পৌঁছে যাবে যাত্রীবাহী বাস ও পণ্যবাহী ট্রাক। সারাদেশের সঙ্গে বিশেষ করে চিটাগাং সিলেটসহ দ্রুত যোগাযোগ হবে। আর ওই সব অঞ্চলের মানুষের সাথে সামাজিক ও অর্থনৈতিক বন্ধন সুদৃঢ় হবে। ভাল যোগাযোগের ফলে মেহেরপুর বাসির ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে খুলবে নতুন দুয়ার। উন্নয়নের মূল ধারায় যুক্ত হবে জেলার মানুষ। জেলাবাসির জীবন ধারায় ব্যাপক পরিবর্তন আনবে পদ্মা সেতু। এছাড়াও পদ্মা সেতুর কারণে দির্ঘদিনের আরিচা ঘাটের জ্যাম থেকেও মুক্তি পাবে এ এলাকার মানুষ। বিশেষজ্ঞরা জানান, মেহেরপুর জেলার জেলার কৃষি ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডে আসবে ব্যাপক পরিবর্তন।এক্ষেত্রে সবচেয়ে বেশী লাভবান হবে কৃষি ও পরিবহন খাত।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলার শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক বলেন, পদ্মা সেতুর ফলে যোগাযোগ ব্যবস্থায় আসবে অভাবনীয় সাফল্য। মেহেরপুর জেলা থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলার সাথেই সরাসরি বাড়বে যোগাযোগ। ফলে ঢাকা, চিটাগাং, সিলেটসহ অন্যান্য জেলার ক্রেতারা এ জেলার কৃষকদের কাছ থেকে সরাসরি কৃষি পণ্য কিনবেন। যার ফলে কৃষকরা লাভবান হবেন আগের তুলনায় বেশী। এক শ্রেনীর মধ্যস্বত্বভোগীরা আমাদের কৃষকদের কাছ থেকে কম দামে পণ্য কিনে নিয়ে যায়। যখন কৃষকরা সরাসরি মুল কৃষি মার্কেটের সাথে সম্পৃক্ত হবেন তখন তারা দামটাও ভাল পাবেন। তিনি আরও বলেন, উন্নয়নের মূল ধারায় যুক্ত হবে মেহেরপুর জেলাসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষ। মানুষের জীবন ধারায় ব্যাপক পরিবর্তন আনবে পদ্মা সেতু। তিনি বলেন, কৃষকদের কাছ থেকে পাইকাররা সরাসরি কাঁচা মাল কিনে রাজধানী ঢাকা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে পাঠাচ্ছেন। এর ফলে আমাদের কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছেন। মধ্যস্বত্বভোগীরা ভোগ করছেন কৃষকের উৎপাদিত ফসলের লাভ। পদ্মা সেতু চাল হলে কৃষকরা যেমন লাভবান হবেন

সেতু চালু হলে আমাদের ফসল আমরা নিজেরাই ঢাকা শহর বা চিটাগাং ও সিলেটে নিয়ে যাবো। মাঠে ফসল ফলাই আমরা সাধারণ কৃষক আর মাঝখানে লাভ করে মধ্যস্থতাকারী ব্যবসায়ীরা।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, পদ্ম সেতু সারা বাংলাদেশে যোগাযোগের ক্ষেত্রে বড় দিগন্ত উন্মেচন করবে এতে কোনো সন্দেহ নেই। পদ্মা সেতুর কারণে, মেহেরপুরের সব্জি, ধান, পাটসহ অন্যান্য কৃষিপণ্য সহজেই যুক্ত হবে জাতীয় অর্থনীতির সাথে। ফলে মেহেরপুর জেলার কৃষি ভিত্তিক অর্থনীতির ভিত্তি আরও সুদৃঢ় হবে।

তিনি বলেন, মেহেরপুরে রয়েছে ফসল চাষের বিস্তীর্ণ জমি। শাকসবজি ও আম, কাঁঠাল উৎপাদনের জন্য এসব জমি খুব উপযোগী। ঢাকাসহ দেশের অন্যান্য অঞ্চলের সঙ্গে যোগাযোগ উন্নত হবে। যে কারণে ফসলের পচনশীলতা হ্রাস পাবে। কৃষকরা ভাল লাভ পেলে বিভিন্ন শাকসবজি এবং বিশেষ করে কাঁচা মরিচ, পেঁয়াজ ও রসুনের উৎপাদন বাড়বে জেলায়। এতদিন উৎপাদিত পণ্য বিপণনের দুর্ভোগ ছিল। এসব কারণে ওই অঞ্চলে শস্য নিবিড়তা অপেক্ষাকৃত কম। পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের ফলে এ অঞ্চলে কৃষি বিপ্লবের অভিপ্রায় সফল হবে। নতুন প্রযুক্তি ধারণ ত্বরান্বিত হবে। দ্রুত বেড়ে যাবে শস্যের উৎপাদন। গড়ে উঠবে কৃষিভিত্তিক শিল্পকারখানা। তাতে মানুষের কর্মসংস্থান হবে, বাড়বে আয়। এ জেলায় পাটচাষেও কৃষকদের আগ্রহ বাড়বে। বাড়বে উৎপাদন। গড়ে উঠবে পাটভিত্তিক শিল্প কলকারখানাও।

সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন প্রধান মন্ত্রীর কাছে দাবী করেন, পদ্মা সেতুর পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে সম্ভব পাটুরিয়া-দৌলতদিয়া ঘাটে দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণের। দৌলতদিয়া পাটুরিয়া ঘাটে দ্বিতীয় পদ্মা সেতু নির্মিত হলে রাজবাড়ি, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরার যোগাযোগ ব্যবস্থার মাধমে উন্নিত সাধিত হবে।

এসএসসি পরীক্ষা স্থগিত

দেশের সার্বিক বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় ১৯ জুন থেকে অনুষ্ঠেয় সব শিক্ষা বোর্ডের মাধ্যমিক, এসএসসি ভোকেশনাল ও মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরীক্ষার পরিবর্তী সময়সূচি পরে জানানো হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের শুক্রবার এক বিবৃতিতে মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তের কথা জানান।

টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে সিলেট ও সুনামগঞ্জের বেশ কয়েকটি উপজেলা বন্যার পানিতে ডুবে গেছে। বিশেষ করে হাওরাঞ্চল তলিয়ে গেছে বন্যার পানিতে। শুক্রবার সিলেটে বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে। বানভাসি মানুষকে উদ্ধারে কাজ শুরু করছে সেনাবাহিনী।

এছাড়া ভারি বর্ষণ ও উজানের ঢলে কুড়িগ্রামে ধরলা নদীর পানি বৃদ্ধি পেয়ে বিপৎসীমার ৩ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া তিস্তা ও ব্রহ্মপুত্র নদের পানিও বাড়ছে। তিস্তা নদীর পানি কাউনিয়া পয়েন্টে ৩৩ সেন্টিমিটার, ব্রহ্মপুত্র নদের পানি চিলমারী পয়েন্টে ৫ সেন্টিমিটার এবং নুনখাওয়া পয়েন্টে বিপৎসীমার ৩০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

গত কয়েক দিনের টানা বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে নদ-নদীর পানি বেড়েছে নেত্রকোণাতেও। ফলে সেখানে বন্যার আশঙ্কা দেখা দিয়েছে।

বন্যা কবলিত এলাকার লোকজন বিপাকে পড়েছেন। অনেকে ঘরবাড়ি তলিয়ে গেছে। আশ্রয় নিয়েছেন বিভিন্ন আশ্রয় শিবিরে। এমতাবস্থায় শিক্ষার্থীদের পরীক্ষায় অংশ নেওয়া কঠিন হয়ে পড়বে।

প্রসঙ্গত, ১৯ জুন বাংলা ১ম পত্রের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হওয়ার কথা ছিল এবারের এসএসসি পরীক্ষা। রুটিন অনুযায়ী তত্ত্বীয় পরীক্ষা চলার কথা ছিল ৬ জুলাই পর্যন্ত। শেষ পর্যন্ত পরীক্ষা স্থগিত হলো।

কুষ্টিয়ার কিশোর গ্যাং চক্রের ৩ সক্রিয় সদস্য চট্টগ্রাম থেকে আটক

কুষ্টিয়ার কিশোর গ্যাং চক্র বিএসবি’র ৩ সক্রিয় সদস্যকে চট্টগ্রাম থেকে আটক করেছে র্যাব। বৃহস্পতিবার বিকেলে চট্টগ্রাম জেলার কোতয়ালি থানাধীন স্টেডিয়াম এলাকা হতে তাদের আটক করা হয় বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের স্কোয়াড্রন লীডার কোম্পানী কমান্ডার মোহাম্মদ ইলিয়াস খান।

আটককৃতরা হলো কুষ্টিয়া সদর থানার-পূর্ব মজমপুর এলাকার হারুনুর রশিদের ছেলে মোহাম্মদ সংগ্রাম হোসেন সাইফ (১৯), মিরপুর উপজেলার বেলগাছী এলাকার আব্দুস সবুর বিশ্বাসের ছেলে মহাম্মদ নাফিস ফুয়াদ
(১৯) এবং কুমারখালী বানিয়াপাড়া এলাকার শফিকুল ইসলামের ছেলে তামিম শাহরিয়ার।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আটককৃতরা গত ১৩ জুন তারিখে কুষ্টিয়ার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে সংঘবদ্ধভাবে আক্রমন চালিয়ে ঐ স্কুলের ৮ম শ্রেণীর ছাত্র আবিরকে মারাত্মকভাবে কুপিয়ে জখম করে এবং স্কুলে ভাংচুর চালায়।

উক্ত ঘটনায় আহত ছাত্রের বাবা বাদী হয়ে কুষ্টিয়া মডেল থানায় একটি মামলা দায়ের করেন। মামলা নং-৩৬।

পরবর্তীতে কুষ্টিয়া ও চট্টগ্রাম র্যাবের যৌথ অভিযানে কিশোর গ্যাং চক্রের ৩ সদস্য গ্রেফতার করা হয়। আটককৃত আসামিদের চট্টগ্রাম জেলার কোতয়ালি থানায় সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর দর্শনায় অভিযান চালিয়েছে। এ অভিযানে দুই প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে দর্শনা রেল বাজারে অভিযান চালায় চুয়াডাঙ্গা জেলার ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ। এ সময় দর্শনা রেল বাজারের অনন্যা কসমেটিকসের মালিক মিতুলকে কসমেটিকস গায়ে আমদানি কারক মূল্য না থাকায় তাকে ২০০৯ সালের ভোক্তা অধিকার সংরক্ষন আইনে ৪ হাজার টাকা জরিমানা আদায় করেন।

একই অপরাধে বিক্রমপুর ষ্টোরের মালিক মাসুমকে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেন। এ অভিযানে দর্শনা থানার এসআই শামীম রেজাসহ পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পুকুরে ডুবে শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার ছোট শলুয়া গ্রামে সিয়াম (৮) বছরের শিশুর পুকুরে ডুবে মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে এ ঘটনা ঘটে।

সিয়াম ছোট শলুয়া গ্রামের সমির হোসেনের ছেলে। জানা গেছে, বাড়ির সামনে পুকুর পাড়ে খেলা খেলছিলো। এ সময় সিয়াম পুকুরের পনিতে পড়ে ডুবে যায়। তার বাড়ির লোকজন খোঁজাখুঁজি করে পুকুরের ভিতর দেখতে পান।

বাড়ির লোকজন পুকুর থেকে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের

ডাক্তার তাসমিন আফরিন জোতি পরিক্ষা নিরিক্ষা শেষে তাকে মৃত ঘোষনা করেন।

সিয়ামের মৃত্যুতে পরিবার ও গ্রাম জুড়ে নেমে আসে শোকের ছায়া। স্থানীয় কবরস্থানে সিয়ামের লাশের দাফন সম্পর্ন হয়েছে।

জীবননগরে মেয়ের বিয়ের দিন বাবাকে হত্যা

জীবননগরে মেয়ের বিয়ের দিন বাবাকে হত্যা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাসপুর গ্রামে এই হত্যার ঘটনা ঘটে। নিহত কৃষক বাবলু রহমান গঙ্গাদাসপুর গ্রামের মৃত রমজান আলীর ছেলে।

হত্যার ঘটনায় জড়িত ঘাতক জমির হোসেনকে তার নিজ বাড়ি থেকে আটক করে পুলিশ। ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন মোল্লা জানান, গতকাল বাবলুর মেয়ের বিয়ের দিন ধার্য ছিল।

সকালে বাবলু প্রতিবেশীর বাড়িতে যাওয়ার জন্য রাস্তায় বের হলে একই গ্রামের জমির হোসেন পেছন থেকে কোদাল দিয়ে মাথায় আঘাত করেন। এসময় বাবলু রক্তাত্ব অবস্থায় মাটিতে পড়ে যায়।

পরে স্থানীয় লোকজন বাবলু কে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে তাঁর মৃত্যু হয়। স্থানীয় বাসিন্দারা জানান, জমির হোসেন একজন বদমেজাজি। সে প্রায়ই এলাকার মানুষের সঙ্গে ঝামেলা করেন।

এবং দেশীয় হাসুয়া, রড, লাঠি দিয়ে মারধর করার জন্য ধাওয়া করেন। তার কারনে এলাকার সাধারন মানুষ আতঙ্কের মধ্যে দিন যাপন করতো। গতকাল ছিল বাবলুর মেয়ের বিয়ে। সে কারনে বাবলু তার ভাইদের বাড়িতে যাচ্ছিল ডাকতে।

এমন সময় জমির হোসেন পিছন থেকে এসে কোদাল দিয়ে বাবলুর মাথায় আঘাত করলে বাবলু রক্তাত্ব অবস্থায় মাটিতে পড়ে যায়।

В ходе работы выявлены основные проблемы, которые возникают при использовании различных методов. Среди них можно выделить несколько ключевых аспектов, которые требуют внимания и дальнейшего изучения.

Во-первых, необходимо учитывать специфику данных, с которыми мы работаем. Разные типы данных могут требовать различных подходов к их обработке и анализу. Например, для числовых данных могут быть применимы статистические методы, в то время как для текстовых данных потребуются методы обработки естественного языка.

Во-вторых, важным аспектом является выбор алгоритмов. Не все алгоритмы подходят для решения конкретных задач, и их эффективность может сильно варьироваться в зависимости от условий. Поэтому перед началом работы следует провести анализ доступных алгоритмов и выбрать наиболее подходящий.

Рекомендации по улучшению процессов

На основе проведенного анализа можно предложить несколько рекомендаций, которые помогут улучшить существующие процессы. Во-первых, стоит обратить внимание на автоматизацию рутинных задач. Это позволит сократить время, затрачиваемое на выполнение однотипных операций, и уменьшить вероятность ошибок.

Во-вторых, необходимо внедрить систему обратной связи. Это позволит своевременно выявлять проблемы и оперативно реагировать на них. Регулярные опросы пользователей и анализ их отзывов помогут улучшить качество предоставляемых услуг.

В-третьих, стоит рассмотреть возможность обучения сотрудников. Повышение квалификации персонала позволит им более эффективно использовать современные технологии и методы работы, что в конечном итоге приведет к улучшению результатов.

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপজেলার নাদপাড়া স্কুল মাঠের রাস্তার দক্ষিণ পাশে অবস্থিত আমার দখলীয় জমির সীমানা পিলার ও তাঁর কাটা হঠাৎ করে গত ১৫ জুন বুধবার রাতে জালশুকা গ্রামের মৃত খেলাফত জোয়ার্দ্দারের ছেলে খলিলুর রহমান ও নাদপাড়া গ্রামের মঙ্গল খার ছেলে আব্দুর রাজজ্জাক তাদের সাঙ্গ পাঙ্গ নিয়ে জোর পূর্বক উঠিয়ে দিয়ে তা দখলের চেষ্টা করে।

এব্যাপারে থানায় একটি অভিযোগ দাখিল করেছি। বর্তমান নিরাপত্তাহীনতায় ভুগছি, আমি দোষীদের বিরুদ্ধে সুষ্ঠু বিচার চাই। তবে এব্যাপারে খলিলুর রহমান ও রাজ্জাকের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে পাওয়া যাইনি।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান জানান, এব্যাপারে আমরা অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সামাবেশ

মুসলমানদের প্রিয়নবী হযরত মুহাম্মাদ (সাঃ) ও আম্মাজান আয়েশা সিদ্দিকা (রাঃ) সম্পর্কে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির মুখপাত্র নূপুর শর্মা ও নবীন কুমার জিন্দালের কুরুচিপূর্ণ মন্তব্যের প্রতিবাদে মুজিবনগরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে মুজিবনগর উপজেলা ওলামা পরিষদ ও উপজেলা ঈমাম পরিষদ।

বৃহস্পতিবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজারে এই বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়।

উপজেলা উলামা পরিষদের সভাপতি ও ইমাম পরিষদের সভাপতির নেতৃত্বে একটি বিশাল বিক্ষোভ মিছিল কেদারগঞ্জ বাজার মসজিদ এর সামনে থেকে শুরু হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে এসে শেষ হয় সেখানে একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা উলামা পরিষদের সভাপতি মাওঃ ইলিয়াস হোসেন

সভাপতিত্বে প্রতিবাদ সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, উপজেলা উলামা পরিষদের সেক্রেটারী মাও মিনারুল ইসলাম, সাংগঠনিক মাও:আমিনুল ইসলাম, মুজিবনগর উপজেলা ইমাম পরিষদের সভাপতি অধ্যাপক খাদেমুল ইসলাম,সেক্রেটারী মাও:সালাউদ্দীন সহ সভাপতি মুফতি তরিকুল ইসলাম, বক্তব্য রাখেন সহসাংগঠনিক সম্পদক মুফতি আল আমিন।

বিক্ষোভ সমাবেশে বক্তারা নবীজি ও মা আয়েশা (রা:)কে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্যে জন্য ভারতের বিজেপি নেত্রী নুপুর শর্মা ও নবীনকুমার জিন্দালের ফাঁসির দাবি সহ ভারতীয় পণ্য বয়কট করার আহবান করেন এবং তৌহিদী জনতার পক্ষে থেকে সংসদে তাদের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব আনার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আবেদন করেন।

বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ ওলামা পরিষদ ইমাম পরিষদের সদস্য ছাড়াও অসংখ্য নবী প্রেমিক তৌহিদী জনতা অংশগ্রহণ করেন।